কালের কণ্ঠ

তারিখ 28 APR 2015
পৃষ্ঠা ২ কলাম ৫

# ভূমিকম্পে ফাটল হল ছাড়ল ইডেনের ছাত্রীরা

নিজস্ব প্রতিবেদক ▷

রাজধানীর ইডেন মহিলা কলেজের একটি আবাসিক হলে ভূমিকম্পের কারণে ফাটল দেখা দিয়েছে। নিরাপত্তার কারণে সেখানে বসবাসরত ছাত্রীদের সাত দিনের জন্য হল ছাড়তে বলা হয়েছে। গতকাল সোমবার দুপুরে কলেজ কর্তৃপক্ষের নির্দেশ পাওয়ার পর ছাত্রীরা হল ছাড়তে শুরু করে। বিকেল ৪টার মধ্যে পুরো হল খালি করা হয়।

বঙ্গমাতা শেখ ফজিলাতুননেসা মুজিব নামের এ হলটির নির্মাণকাজ শুরু হয়েছিল ২০০৭ সালে, কাজ শেষ হয়েছে ২০১৩ সালে। ১১ তলাবিশিষ্ট এ আবাসিক হলে এক হাজার ২০০ ছাত্রীর থাকার ব্যবস্থা আছে।

ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ হোসনে আরা জানান, আবাসিক হলটির ২৯টি কক্ষে ফাটল দেখা দিয়েছে। নিরাপত্তার কারণে সাত দিনের জন্য ছাত্রীদের হল ছাড়তে বলা হয়েছে। এই ছাত্রাবাসের যেসব শিক্ষার্থীর পরীক্ষা রয়েছে, তাদের অন্য হলে থাকার ব্যবস্থা করা হয়েছে। প্রধান প্রকৌশলী ছাত্রাবাসটি পরীক্ষা শেষ করলে পরবর্তী করণীয় নির্ধারণ করা হবে।

গতকাল দুপুর ২টার দিকে ইডেন কলেজে গিয়ে দেখা যায়, ব্যাগপত্র নিয়ে হল ছাড়ছে ছাত্রীরা। ঢাকায় থাকার ব্যবস্থা না থাকায় তাদের অনেকেই গ্রামের বাড়ির পথ ধরেছে।

একাধিক শিক্ষার্থী জানায়, আগে থেকেই হলে ফাটল ছিল, ভূমিকম্পের পর নতুন করে আরো ফাটল দেখা দিয়েছে।

এ বিষয়ে অধ্যক্ষ হোসনে আরা বলেন, আগে থেকেই কোনো নির্মাণ ত্রুটি ছিল কি না আমি তা বলতে পারব না। আমার আগে আরো দুজন অধ্যক্ষ দায়িত্ব পালন করেছেন। হল নির্মাণে ত্রুটি আছে কি না তাঁরাই তা ভালো বলতে পারবেন।

প্রসঙ্গত শনিবার দুপুরে নেপালে ৭.৯ মাত্রার ভূমিকম্পে ভারত ও বাংলাদেশের বিশাল এলাকা কেঁপে ওঠে। এতে বাংলাদেশে অনেক ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানিয়েছে দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়। রবিবার ও গতকাল সোমবারও ভূমিকম্পে কেঁপে ওঠে বাংলাদেশ। তবে বড় ধরনের কোনো ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।